



নং ০৭.০৩.০০০০.০০১.৩৮.১৯৪(খন্ড-১).১৩-১২৬৮

তারিখ: ১৩/০৭/২০২৩ খ্রি.

অফিস আদেশ

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সফল নেতৃত্বে বাস্তবায়িত হয়েছে "ডিজিটাল বাংলাদেশ"। দৃঢ় প্রত্যয়ে আমরা এগিয়ে যাচ্ছি "স্মার্ট বাংলাদেশ" গড়ার লক্ষ্যে। মুজিব শতবর্ষে ২০২১ সালের ১৭ মার্চের মধ্যে শতভাগ সম্মানিত পেনশনারের পেনশন অটোমেশনের লক্ষ্যে সিজিএ এর আওতাধীন ৫৪৫টি অফিস কর্তৃক পেনশনের যাবতীয় তথ্যাদি সিস্টেমে অন্তর্ভুক্তকরণ সম্পন্ন করে মুজিব বর্ষ হতে শতভাগ সম্মানিত পেনশনারের ব্যাংক একাউন্টে সরাসরি ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার(ইএফটি) মাধ্যমে অনলাইনে পেনশনের অর্থ প্রেরণ করা হচ্ছে। সেবা সহজীকরণের এ অভূতপূর্ব অর্জনের পাশাপাশি সম্মানিত পেনশনারগণকে অধিকতর দ্রুততার সাথে সর্বোত্তম সেবা প্রদানের লক্ষ্যে সিজিএ অফিস সহ সকল হিসাবরক্ষণ অফিসে সিজিএ জনাব মোঃ নুরুল ইসলাম কর্তৃক ওয়ান স্টপ সার্ভিস সেল প্রতিষ্ঠা করা হয়েছে। সিজিএ অফিস ও আওতাধীন সকল অফিসে সম্মানিত পেনশনারগণ ও অন্যান্য সাধারণ সেবাগ্রহীতাদের যেকোনো সমস্যা তাৎক্ষণিকভাবে সমাধানের লক্ষ্যে শ্রদ্ধা,সম্মান, বিনয়, আন্তরিকতা ও নিষ্ঠার সাথে সেবা প্রদান চলমান রয়েছে।

উল্লেখ্য সিজিএ জনাব মোঃ নুরুল ইসলাম কর্তৃক গঠিত সার্ভিস ফিডব্যাক টিম দ্বারা সারাদেশে সম্মানিত সেবাগ্রহীতাদের সাথে মোবাইলে যোগাযোগ করে ফ্রসচেক করে যথাযথ সেবাপ্রাপ্তির বিষয়টি নিশ্চিত করা হচ্ছে।

সম্মানিত সেবা গ্রহীতাদের অধিকতর দ্রুততার সাথে সর্বোত্তম সেবা প্রদানের এ কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে সিজিএ কার্যালয়ে "ওয়ান স্টপ সার্ভিস সেল" চালু করা হলো।


সেলের কার্যপরিধিঃ

- ১। দ্রুততার সাথে সর্বোত্তম সেবা প্রদান নিশ্চিত করা।
- ২। সম্মানিত পেনশনারগণকে বিধিগত পরামর্শ ও সহযোগিতা প্রদান করা।
- ৩। সারাদেশের সকল হিসাবরক্ষণ অফিসের যেকোনো প্রয়োজনে সহযোগীতা করা।
- ৪। সম্মানিত পেনশনারগণকে পেনশন চেক,পিপিও বই ও অন্যান্য কাগজপত্রাদি একসাথে প্রদান নিশ্চিত করা।

সেলের জনবলঃ

ওয়ান স্টপ সার্ভিস সেল টি অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন) মহোদয় তত্ত্বাবধান করবেন। এক্ষেত্রে উপ হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন ১) উক্ত সেলের প্রধান হিসেবে কর্মরত থাকবেন এবং তার অধীনে ০২ জন নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, ০২ জন এস.এ.এস সুপার, ০২ জন অডিটর ও ০৫ জন অফিস সহায়ক সংযুক্ত থেকে দায়িত্ব পালন করবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মানিক হোসেন)

উপ হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)

ফোনঃ ০২-২২৬৬৬৩৭৩২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত উপ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)]
- ২। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন), সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
- ৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, (সকল)।
- ৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, (সকল)।
- ৫। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি), সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
- ৬। পিএসটু সিজিএ।
- ৭। ডিস্ট্রিক্ট একাউন্টস ও ফিন্যান্স অফিসার (সকল)।
- ৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)
- ৯। অফিস কপি।


(আল-আমিন আহমেদ)

সহকারী হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)

ফোন: ৪৮৩১৭৭৭১।